## নবম অধ্যায়

### মন্দির ও তীর্থক্ষেত্র

**অধ্যায়টি পড়ে জানতে পারব**

- মন্দিরের সংজ্ঞা
- দেব-দেবীর নামানুসারে বিভিন্ন মন্দিরের নাম
- মন্দিরের প্রয়োজনীয়তা
- বাংলাদেশ ও ভারতের বিভিন্ন মন্দিরের নাম ও অবস্থান
- তীর্থৰেত্রের পরিচিতি
- ভক্তদের তীর্থৰেত্র ভ্রমণের উদ্দেশ্য
- রথযাত্রার বিভিন্ন দিক
- অন্যতম ধর্মীয় অনুষ্ঠান জন্মাষ্টমীর বিভিন্ন দিক

**অধ্যায়ের মূলভাব জেনে নিই**

মন্দির হলো দেবালয়। এখানে দেব–দেবীর মূর্তি থাকে। তাই মন্দিরে গেলে দেহ–মন পবিত্র হয় এবং দেব–দেবী দর্শনে মনে ভক্তি আসে। ভক্তরা মন্দিরে দেব–দেবীর দর্শনে যান। দেব–দেবীর পূজা–অর্চনা করেন। দেবতার উদ্দেশ্যে ভক্তি নিবেদন করেন। তীর্থৰেত্র হলো দেবতা বা মহাপুরবষদের নামের সাথে জড়িত পবিত্র স্থান। তীর্থৰেত্রে গেলে মনে ধর্মের ভাব জাগে। দেহ–মন পবিত্র হয়। ধার্মিকেরা তীর্থে থাকতে পছন্দ করেন। অনেককাল ধরে লালিত–পালিত এ সকল মন্দির, তীর্থস্থান ও উৎসব হিন্দু ধর্মের ঐতিহ্য। একই সাথে এগুলো সংস্কৃতিরও অঙ্গ। আমরা এ সকল ঐতিহ্য ও সংস্কৃতির প্রতি শ্রদ্ধাশীল হব।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

**ক. শূন্যস্থান পূরণ কর :**

১। মন্দিরে গেলে দেহ–মন ——— হয়।

২। পুরীতে ——— মন্দির অবস্থিত।

৩। চট্টগ্রাম জেলার সীতাকুণ্ডে ——— অবস্থিত।

৪। আষাঢ় মাসের শুক্লপৰে ——— তিথিতে রথযাত্রা উৎসব হয়।

৫। জগন্নাথ, বলরাম ও সুভদ্রাকে রথে তুলে ——— হয়।

৬। শ্রীকৃষ্ণের জন্মদিনে ——— উৎসব পালিত হয়।

**উত্তর :** ১। পবিত্র ২। জগন্নাথ দেবের ৩। চন্দ্রনাথ ৪। দ্বিতীয়া ৫। রথযাত্রা ৬। জন্মাষ্টমী

**খ. ডান পাশ থেকে শব্দ এনে বাম পাশের শব্দের সঙ্গে মিলাও :**

| | |
|---|---|
| ১. মন্দিরে প্রতিদিন দেব–দেবীর | জগন্নাথ দেবের মন্দির অবস্থিত। |
| ২. পুরীতে | চন্দ্রনাথ। |
| ৩. বাংলাদেশের একটি বিখ্যাত তীর্থৰেত্র | পূজা-অর্চনা হয়। |
| ৪. পুরীর জগন্নাথ দেবের রথযাত্রা | শিবের আরেক নাম। |
| ৫. শ্রীকৃষ্ণের জন্মদিন উপলৰে | পৃথিবী বিখ্যাত। |
| ৬. শ্রীকৃষ্ণের জন্মস্থান | মথুরা |
| | জন্মাষ্টমী উৎসব পালিত হয়। |

**উত্তর :**

১। মন্দিরে প্রতিদিন দেব–দেবীর **পূজা–অর্চনা হয়**।

২। পুরীতে **জগন্নাথ দেবের মন্দির অবস্থিত**।

৩। বাংলাদেশের একটি বিখ্যাত তীর্থৰেত্র **চন্দ্রনাথ**।

৪। পুরীর জগন্নাথ দেবের রথযাত্রা **পৃথিবী বিখ্যাত**।

৫। শ্রীকৃষ্ণের জন্মদিন উপলক্ষে **জন্মাষ্টমী উৎসব পালিত হয়**।

৬। শ্রীকৃষ্ণের জন্মস্থান **মথুরা**।

**গ. সঠিক উত্তরটির পাশে টিক (√) চিহ্ন দাও :**

**১। শিব মন্দিরে থাকে–**

ক. কালীর মূর্তি ✓খ. শিবের মূর্তি
গ. সরস্বতীর মূর্তি ঘ. দুর্গার মূর্তি

**২। পুরীর জগন্নাথ মন্দির নির্মিত হয় –**

ক. একাদশ শতাব্দীতে ✓খ. দ্বাদশ শতাব্দীতে
গ. ত্রয়োদশ শতাব্দীতে ঘ. পঞ্চদশ শতাব্দীতে

**৩। জগন্নাথ মন্দির নিচের কোনটির তীরে অবস্থিত?**

ক. গঙ্গার খ. পদ্মার
✓গ. বঙ্গোপসাগরের ঘ. ভারত মহাসাগরের

**৪। জগন্নাথ মন্দিরে কয়জন দেবতার মূর্তি রয়েছে?**

ক. একজন খ. দুজন
✓গ. তিনজন ঘ. চারজন

**৫। চন্দ্রনাথ অবস্থিত –**

ক. ঢাকার রমনায় ✓খ. চট্টগ্রামের সীতাকুণ্ডে
গ. সিলেটে ঘ. রাজশাহীতে

**৬। শ্রীকৃষ্ণের জন্মদিন উপলক্ষে পালিত হয় –**

ক. রথযাত্রা খ. রাসলীলা
✓গ. জন্মাষ্টমী ঘ. দোলযাত্রা

**ঘ. নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও :**

**১. জগন্নাথ মন্দির কোথায় অবস্থিত?**

**উত্তর :** ভারতের উড়িষ্যা রাজ্যের পুরী নামক স্থানে জগন্নাথ মন্দির অবস্থিত।

**২. চন্দ্রনাথ কোথায় অবস্থিত?**

**উত্তর :** বাংলাদেশের চট্টগ্রাম জেলার সীতাকুণ্ডে চন্দ্রনাথ অবস্থিত।

**৩. চন্দ্রনাথে কোন তিথিতে মেলা বসে?**

**উত্তর :** চন্দ্রনাথে শিব চতুর্দশী তিথিতে মেলা বসে।

**৪. কখন রথযাত্রা উৎসব পালিত হয়?**

**উত্তর :** আষাঢ় মাসের শুক্লপক্ষের দ্বিতীয়া তিথিতে রথযাত্রা উৎসব পালিত হয়।

**৫. শ্রীকৃষ্ণের জন্মদিনে কোন উৎসব পালিত হয়?**

**উত্তর :** শ্রীকৃষ্ণের জন্মদিন উপলক্ষে জন্মাষ্টমী উৎসব পালিত হয়।

**ঙ. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :**

**১. মন্দির কাকে বলে?**

**উত্তর :** যেখানে দেব-দেবীর মূর্তি থাকে এবং পূজা-অর্চনা হয় তাকে মন্দির বলে। মন্দিরকে দেবালয়ও বলা হয়।

**২. ভক্তরা কেন মন্দিরে যান?**

**উত্তর :** ভক্তরা মন্দিরে দেব-দেবীর দর্শন করতে যান। দেব-দেবী দর্শনে মনে ভক্তি আসে। তাঁরা সেখানে দেব-দেবীর পূজা-অর্চনা করেন। দেবতার উদ্দেশে ভক্তি নিবেদন করেন। দেব-দেবীর কাছে প্রার্থনা জানান। এতে তাদের পূণ্যলাভ হয়। মন্দিরে গেলে মনে ধর্মীয়ভাবের উদয় হয়।

**৩. পুরীর জগন্নাথ মন্দিরের বর্ণনা দাও।**

**উত্তর :** ভারতের উড়িষ্যার পুরীতে জগন্নাথ দেবের মন্দির অবস্থিত। এটি পুরীর সর্ববৃহৎ মন্দির। বঙ্গোপসাগরের তীরে এই মন্দির অবস্থিত। দ্বাদশ শতাব্দীতে জগন্নাথ মন্দিরটি পাথরের বিশাল উঁচুস্থানের উপর নির্মিত হয়। মন্দিরের প্রাচীরে রয়েছে চারটি দরজা– সিংহ দরজা, হস্তী দরজা, অশ্ব দরজা এবং ব্যাঘ্র দরজা। এ মন্দিরে ওঠার জন্য সিঁড়ির বাইশটি ধাপ পার হতে হয়। মন্দিরের দরজা ভোর পাঁচটায় খোলা হয় এবং দিনের শুরুতে ধর্মীয় সংগীতের মাধ্যমে মঙ্গল আরতি হয়। যদিও এ মন্দিরের নাম জগন্নাথ মন্দির, কিন্তু জগন্নাথই এ মন্দিরের একমাত্র দেবতা নন। তাঁর সঙ্গে বলরাম ও সুভদ্রার মূর্তিও আছে।

**৪. চন্দ্রনাথের বর্ণনা দাও।**

**উত্তর :** চন্দ্রনাথ বাংলাদেশের একটি বিখ্যাত তীর্থক্ষেত্র। চট্টগ্রাম জেলার সীতাকুণ্ডে অবস্থিত চন্দ্রনাথ। পাহাড়ের উপরে চন্দ্রনাথের মন্দির। এর অপর নাম চন্দ্রনাথ ধাম।

চন্দ্রনাথের নামে পাহাড়টির নাম হয়েছে চন্দ্রনাথ পাহাড়। চন্দ্রনাথ শিবের আরেক নাম। শিব চতুর্দশী তিথিতে চন্দ্রনাথে বিরাট মেলা বসে।

**৫. রথযাত্রা উৎসব বর্ণনা কর।**

**উত্তর :** রথযাত্রা হিন্দুদের অন্যতম ধর্মীয় উৎসব। আষাঢ় মাসের শুক্লপক্ষে দ্বিতীয়া তিথিতে রথযাত্রা উৎসব পালিত হয়। পুরীর জগন্নাথ দেবের রথযাত্রা পৃথিবী বিখ্যাত। রথযাত্রার দিনে পুরীর জগন্নাথ মন্দির থেকে প্রভু জগন্নাথ, বলরাম ও দেবী সুভদ্রাকে সুসজ্জিত রথে তুলে রথযাত্রা হয়। জগন্নাথের রথের ১৬টি চাকা থাকে এবং লাল ও হলুদ কাপড়ে রথের ছাদ সুন্দরভাবে মোড়ানো থাকে। ভক্তরা রথ টেনে নিয়ে যান। দেশ–বিদেশের বহুলোক পুরীর রথের মেলায় আসেন।

**৬. জন্মাষ্টমী অনুষ্ঠানের বর্ণনা দাও।**

**উত্তর :** জন্মাষ্টমী হিন্দুদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব। শ্রীকৃষ্ণের জন্মদিন উপলক্ষে এ উৎসব পালিত হয়। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে মথুরায় শ্রীকৃষ্ণ জন্মগ্রহণ করেন। তাই এ দিনটি জন্মাষ্টমী নামে খ্যাত।

শ্রীকৃষ্ণের জন্মস্থান মথুরা এবং বৃন্দাবনে এ দিনটি অত্যন্ত আড়ম্বরপূর্ণভাবে পালিত হয়। ভারতের বিভিন্ন স্থানে জন্মাষ্টমীর দিনে নানাবিধ উৎসব পালিত হয়। নাচ, গানের মাধ্যমে শ্রীকৃষ্ণের জীবনকে ফুটিয়ে তোলা হয়। এই দিনে ভক্তরা উপবাস করে রাত্রে কৃষ্ণপূজা করেন।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

❑ **ডান পাশ থেকে শব্দ এনে বাম পাশের শব্দের সঙ্গে মেলাও :**

| | |
|---|---|
| ১. মন্দির হলো | পুরীতে। |
| ২. কৃষ্ণ মন্দিরে থাকে | তীর্থে। |
| ৩. দিনাজপুরে অবস্থিত | দেবালয়। |
| ৪. জগন্নাথ মন্দির | কৃষ্ণের মূর্তি। |
| ৫. দেহ–মন পবিত্র হয় | কান্তজি মন্দির। |
| | ধর্মের ভাব জাগে। |

**উত্তর :**

১. মন্দির হলো **দেবালয়**।
২. কৃষ্ণ মন্দিরে থাকে **কৃষ্ণের মূর্তি**।
৩. দিনাজপুরে অবস্থিত **কান্তজি মন্দির**।
৪. জগন্নাথ মন্দির **পুরীতে**।
৫. দেহ–মন পবিত্র হয় **তীর্থে**।

❑ **শুদ্ধ–অশুদ্ধ নির্ণয় কর :**

১। জগন্নাথ মন্দিরের একমাত্র দেবতা জগন্নাথ।
২। জগন্নাথ মন্দিরের চারপাশে ৪০টি মন্দির রয়েছে।
৩। তীর্থে গেলে পাপ দূর হয়।
৪। শ্রীকৃষ্ণের জন্মদিনে পালিত হয় জন্মাষ্টমী।
৫। জন্মাষ্টমীতে সরকারি ছুটি থাকে।

**উত্তর :** ১। 'অ' ২। 'অ' ৩। 'শু' ৪। 'শু' ৫। 'শু'

❑ **শূন্যস্থান পূরণ :**

১. বিভিন্ন দেব–দেবীর মূর্তি থাকে ———।
২. দুর্গার মূর্তি থাকে ——— মন্দিরে।
৩. মন্দির হলো ——— স্থান।
৪. দিনাজপুরে ——— মন্দির অবস্থিত।
৫. জগন্নাথ মন্দিরের ——— সকলেই পেয়ে থাকেন।

**উত্তর :** ১. মন্দিরে ২. দুর্গা ৩. পবিত্র ৪. কান্তজি ৫. মহাপ্রসাদ।

## বহুনির্বাচনি প্রশ্ন ও উত্তর

➲ সাধারণ

**মন্দির**

১. **কোথায় গেলে দেহ–মন পবিত্র হয়?** ঘ

ⓚ বিদ্যালয়ে ⓚ বাজারে
ⓖ খেলার মাঠে ⓖ মন্দিরে

(ক) বিদ্যালয়ে (খ) বাজারে
(গ) খেলার মাঠে (ঘ) মন্দিরে

**পুরীর জগন্নাথ মন্দির**

২. **জগন্নাথ দেবের মন্দির কোথায় অবস্থিত?** ক

(ক) ভারতে (খ) নেপালে
(গ) বাংলাদেশে (ঘ) শ্রীলংকায়

**তীর্থক্ষেত্র**

৩. **কোন কাজটি করলে মনে হিংসা থাকে না?** ঘ

(ক) ভ্রমণে গেলে (খ) তীর্থে গেলে
(গ) পড়াশুনা করলে (ঘ) দান করলে

**চন্দ্রনাথ**

৪. **চন্দ্রনাথ মন্দির অবস্থিত –** ঘ

(ক) নদীর ধারে (খ) সমুদ্রের কিনারে
(গ) বনের ভিতরে (ঘ) পাহাড়ের উপরে

**রথযাত্রা**

৫. **রথযাত্রা হয় কোন মাসে?** ক

(ক) আষাঢ় (খ) শ্রাবণ
(গ) ভাদ্র (ঘ) আশ্বিন

**জন্মাষ্টমী**

৬. **শ্রীকৃষ্ণ কোথায় জন্মগ্রহণ করেন?** খ

(ক) পুরীতে (খ) মথুরায়
(গ) সীতাকুণ্ডে (ঘ) বৃন্দাবনে

➲ যোগ্যতাভিত্তিক

**শিখনফল :** কৃষ্ণের জন্ম সম্পর্কে জানতে পারবে।

৭. **পূজার জন্ম ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে। পূজার জন্মের সাথে নিচের কোন ব্যক্তির জন্মের মিল রয়েছে?** গ

(ক) শিবের (খ) জগন্নাথের
(গ) কৃষ্ণের (ঘ) বলরামের

**শিখনফল :** জগন্নাথ দেবের মন্দির সম্পর্কে জানতে পারবে।

৮. **অর্চনা পুরীর জগন্নাথ দেবের মন্দিরে গেল। সেখানে কতজন দেবতা রয়েছে?** গ

(ক) ১ জন (খ) ২ জন
(গ) ৩ জন (ঘ) ৪ জন

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

১. **জন্মাষ্টমী ব্রত পালন করলে কী হয়?**

**উত্তর :** জন্মাষ্টমী ব্রত পালন করলে পাপমোচন ও পুণ্য অর্জিত হয়। এ ব্রত যারা পালন করেন তাঁদের সৌভাগ্য লাভ হয়। পরকালে স্বর্গ লাভ হয়।

২. **শ্রীকৃষ্ণের জন্ম কোন যুগের কথা?**

**উত্তর :** শ্রীকৃষ্ণের জন্ম দাপর যুগের কথা।

৩. **জগন্নাথের রথের চাকা কতটি? এর ছাদ কেমন?**

**উত্তর :** জগন্নাথের রথের চাকা ১৬টি। এর ছাদ লাল ও হলুদ কাপড়ে সুন্দরভাবে মোড়ানো থাকে।

৪. **শিবের অন্য নাম কী?**

**উত্তর :** শিবের অন্য নাম চন্দ্রনাথ।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ সাধারণ

১. **তীর্থক্ষেত্র কী? আমরা মন্দির ও তীর্থক্ষেত্রে কেন যাই?**

**উত্তর :** তীর্থৰেত্র হলো দেবতা বা মহাপুরবষের নামের সঙ্গে যুক্ত পবিত্র স্থান। আমরা মন্দির ও তীর্থে যাই পুণ্য লাভের আশায়। দেব–দেবীর দর্শন পেতে। দেব-দেবীর

পূজা অর্চনা করতে। মন্দিরে গেলে মনে ধর্মীয়ভাবের উদয় হয়। দেব-দেবীর দর্শনে মনে ভক্তি আসে। তীর্থে গেলে মনে হিংসা থাকে না। মনে শান্তি আসে।

**২. পুরীর জগন্নাথ মন্দিরের গুরুত্বপূর্ণ দিকসমূহ ৫টি বাক্যে লেখ।**

**উত্তর:** নিচে পুরীর জগন্নাথ মন্দিরের গুরবত্বপূর্ণ দিকসমূহ ৫টি বাক্য লেখা হলো :

১) ভারতের উড়িষ্যায় বঙ্গোপসাগরের তীরে এই মন্দির অবস্থিত।

২) দ্বাদশ শতাব্দীতে নির্মিত এই মন্দিরটি পুরীর সর্ববৃহৎ মন্দির।

৩) পাথরের বিশাল উঁচুস্থানের উপর নির্মিত এই মন্দিরে ওঠার জন্য সিঁড়ির ২২টি ধাপ পার হতে হয়।

৪) মন্দিরের দরজা ভোর পাঁচটায় খোলা হয়।

৫) প্রতিদিন এই মন্দিরে পূজা–অর্চনা, মহাভোগ ও আরতি হয়।

➲ <u>যোগ্যতাভিত্তিক</u>

**৩. প্লাবন ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে শাহবাগে গিয়ে এক ধর্মীয় মিছিলে অংশগ্রহণ করে। কোন উৎসবকে কেন্দ্র করে এই মিছিলের আয়োজন করা হয়? এই উৎসব পালন করলে প্লাবনের কী লাভ হবে? ৪টি বাক্যে লেখ।**

**উত্তর:** জন্মাষ্টমী উপলৰে এই মিছিলের আয়োজন করা হয়। এই উৎসব পালন করলে পরাবন–

১) পাপ থেকে মুক্তি ও পুণ্য অর্জন করতে পারবে

২) তার সৌভাগ্য লাভ হবে

৩) স্বর্গ লাভ তার জন্য সহজ হবে

৪) তার মাঝে ধর্মীয় একতা তৈরি হবে।